বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ, ডিপ্লোমা শাখা
৮/সি, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৬.২২.১২২ তারিখঃ ১৮-০৫-২০২২খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রমের আওতাধীন ১ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড কোর্সে ২য় পর্ব বোর্ড সমাপনী পরীক্ষা-২০২০ আগামী ১৬ জুন ২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হতে বোর্ড নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। ০১ এপ্রিল ২০২১ তারিখ হতে ০৪ এপ্রিল ২০২১ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় অংশগ্রহনকারী এবং ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্রকাশিত ফলাফলে অকৃতকার্য বিষয়সমূহেই উক্ত বোর্ড সমাপনী পরীক্ষায় শিক্ষার্থীদের অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে)। উল্লেখ্য ১৬ জুন ২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার হতে অনুষ্ঠিতব্য পরীক্ষার পরে ডিপ্লোমা ইন মেডিকেল আল্ট্রাসাউন্ড শিক্ষাক্রমের আর কোন পরীক্ষা গ্রহন করা হবে না।

পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র তালিকার বিজ্ঞপ্তি অত্রসাথে প্রকাশ করা হলো। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।

১। প্রয়োজনীয় নির্দেশনাবলিঃ

১.১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে প্রশ্নপত্র বোর্ডের পরীক্ষা শাখা হতে অনলাইনে (Online) সংশ্লিষ্ট কেন্দ্রে প্রেরণ করা হবে। উক্ত সময়ে কেন্দ্রের সংশ্লিষ্ট প্রশ্নপত্র পাওয়া না গেলে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় (গোপনীয় শাখা) কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা /কেন্দ্র সচিবকে যোগাযোগ করতে হবে।

১.২। ভারপ্রাপ্ত কর্মকর্তা/ কেন্দ্র সচিবকে সংশ্লিষ্ট পরীক্ষা শাখার (গোপনীয় শাখা) সাথে প্রয়োজনে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।

১.৩। নিরাপত্তা ও গোপনীয়তা সুরক্ষা নিশ্চিত করে ৩০ মিনিটের মধ্যে কেন্দ্রের প্রয়োজনীয় প্রশ্নপত্র প্রিন্ট করে পরীক্ষা কক্ষে প্রশ্নপত্র পৌছাতে হবে।

১.৪। পাসওয়ার্ড এর গোপনীয়তা বজায় রেখে প্রশ্নপত্র প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/ কেন্দ্র সচিবের ই-মেইল এবং বিকল্প ই-মেইল ঠিকানা সচল রাখতে হবে। এক্ষেত্রে মোবাইল নম্বর পরীক্ষা চলাকালীন সময়ে সার্বক্ষনিক চালু রাখতে হবে। অনলাইনে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ কেন্দ্র সচিব এর মোবাইল নম্বর, বিকল্প মোবাইল নম্বর, ইমেইল ঠিকানা এবং বিকল্প ইমেইল ঠিকানা পাঠাতে হবে।

১.৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা/ কেন্দ্র সচিবকে সাধারণ ফিচারের (ক্যামেরা বিহীন) মোবাইল ফোন ব্যবহার করতে হবে।

১.৬। বিদ্যুৎ ব্যবস্থা/ বিকল্প বিদ্যুৎ ব্যবস্থা (Alternate Electricity Facility), কম্পিউটার (Computer), ইন্টারনেট সংযোগ/ বিকল্প ইন্টারনেট সংযোগ (Alternate Internet Connetcion) এবং পরীক্ষার্থীর সংখ্যার ভিত্তিতে ফটোকপি মেশিন (Photocopy Machine), ডুপ্লো-মেশিন (Duplo- Machine), প্রিন্টার (Printer) এর ব্যবস্থা রাখাসহ উহা সচল রাখতে হবে। এছাড়া প্রিন্টার, ফটোকপি মেশিন ও ডুপ্লো-মেশিন ইত্যাদির টোনার, প্রশ্নপত্র ছাপানোর কাগজ ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি কেন্দ্রে পূর্ব থেকেই মজুত রাখতে হবে এবং বোর্ডকে এ বিষয়ে অবহিত করতে হবে।

১.৭। পরীক্ষার্থীর সংখ্যা অনুপাতে পরীক্ষার সময়ে (সকাল/ বিকাল) পূর্ব থেকেই প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারীর সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করতে হবে।

১.৮। প্রতিটি কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/ কেন্দ্র সচিব কর্তৃক প্রশ্নপত্র প্রিন্ট ও সংশ্লিষ্ট পরীক্ষার কক্ষে বিতরণের লক্ষ্যে Time frame উল্লেখসহ একটি Check list তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১.৯। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষা হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারনে কোন পরীক্ষার্থীকে এরপরে প্রবেশ করতে দিলে তার নাম, রোল নম্বর, রেজিঃ নম্বর, পর্ব, টেকনোলজী, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারন ইত্যাদি একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করে ঐদিনই বোর্ডের ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পরীক্ষা শাখায় প্রতিবেদন দিতে হবে। একই পরীক্ষার্থীর একাধিক বার বিলম্ব করলে তদন্ত করতে হবে।

১.১০। কেন্দ্রের কন্ট্রোল রুম/ প্রিন্টিং রুমে অবশ্যই সিসি টিভি (CCTV) এর ব্যবস্থা রাখা এবং তা সার্বক্ষনিক সচল রাখতে হবে।

তারিখঃ ১৮-০৫-২০২২
(প্রকৌঃ মোঃ আবদুর রহমান)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

পরীক্ষার ফরম পূরণ, ফি আদায় এবং বোর্ড ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে বর্ণিত হলো।

২। পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ

২.১ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের সকল পর্বের ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে।

২.২ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড শিক্ষাক্রমের ২য় পর্ব পরীক্ষার্থীদের জন্য পরীক্ষার্থীদের স্বাক্ষর যুক্ত প্রিন্টআউট কপিই পরীক্ষার ফরম পূরণ হিসাবে বিবেচ্য হবে। উক্ত শিক্ষাক্রমের ২য় পর্ব সমাপনী পরীক্ষার প্রিন্টআউট কপি নির্ধারিত (অনুচ্ছেদ ৪.৬ এ বর্ণিত) তারিখ অনুযায়ী অত্র বোর্ডের ডবনংরঃব হতে সংগ্রহ করতে হবে। প্রিন্টআউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, কারণ পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের যে-কোন সমস্যায় প্রিন্টআউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

৩। পরীক্ষার ফিসমূহের হারঃ

২য় পর্ব পরীক্ষার্থীদের জন্যঃ

১.	পরীক্ষার ফি	৪০০.০০
২.	কেন্দ্র ফি	৪৫০.০০
৩.	ব্যবহারিক পরীক্ষার ফি	ব্যবহারিক বিষয়ের সংখ্যা × ২৫.০০
৪.	নম্বরপত্র ফি	৭৫.০০
৫.	সনদপত্র ফি	১০০.০০

৪। শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ফি প্রেরণের নিয়মাবলিঃ

৪.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত পরীক্ষার ফি সোনালী ব্যাংকের যে-কোনো শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা -এর অনুকূলে প্রদান করতঃ তৎপরিবর্তে সংগৃহীত ড্রাফটটি পরীক্ষার্থীদের তালিকার সংঙ্গে অবশ্যই প্রেরণ করতে হবে। ড্রাফট্টি সোনালী ব্যাংকের আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

৪.২ পরীক্ষার্থীদের প্রিন্টআউট কপি এবং পরীক্ষা ফি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতীত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না। ব্যাংক ড্রাফ্ট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার, চেক, পোস্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৪.৩ অসম্পূর্ণ বা ভুল তথ্য বিশিষ্ট প্রিন্টআউট কপি বা নির্ধারিত ফি ব্যতীত ফরমপূরণ সরাসরি বাতিল করা হবে।

৪.৪ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিল (ব্যাংক একাউন্টে) জমা থাকবে এবং পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক পরীক্ষা সমাপ্তির পর পরই সম্মানী/পরিশ্রমিকের হার অনুযায়ী পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবরে প্রেরণ করতে হবে।

৪.৫ নিম্নবর্ণিত ছক অনুযায়ী পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবেঃ

ক্রমিক নং	পরীক্ষার্থীদের নাম	পর্ব	রোল নম্বর	রেজি: নম্বর ও সেসন	বিষয় কোড	পরীক্ষার ফি	বিলম্ব্ ফি	নম্বরপত্র ফি	সনদপত্র	মোট ফি	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

৪.৬ নিম্নবর্ণিত ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্ববান হওয়ার জন্য অনুরোধ করা হলো।

শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ব্যাতীত ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফিসহ (৩০০/- টাকা প্রতি পরীক্ষার্থী) ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ	অত্র বোর্ডের Website -এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ	সকল ব্যাংক ড্রাফট, প্রিন্টআউট কপি বোর্ডে জমা/ গ্রহণের শেষ তারিখ	নির্ধারিত তারিখের (০২-০৬-২০২২) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা প্রতিষ্ঠান জরিমানা সাপেক্ষে ০৬-০৬-২০২২ তারিখ পর্যন্ত ড্রাফট গ্রহণ করা হবে। এরপর কোন অবস্থাতেই আর গ্রহণ করা হবে না।	অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ	প্রবেশপত্র সংশোধনের সময়সীমা
৩০-০৫-২০২২	৩১-০৫-২০২২	২৫-০৫-২০২২ হতে ৩১-০৫-২০২২	০২-০৬-২০২২		০৮-০৬-২০২২	১২-০৬-২০২২

৪.৭ পরীক্ষার প্রিন্টআউট কপি ও অন্যান্য সমুদয় ফি বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিস্ট্রার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৪.৮ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক [দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)] বরাবরে প্রেরণ করতে হবে।

৫। **<u>অন্যান্য শর্তাবলীঃ</u>**

৫.১ পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফিসের অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ও এন্ট্রিফরম/প্রিন্টআউট কপিসমূহ ৩.৫ অনুচ্ছেদ মোতাবেক প্রনীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে (ভিন্ন ভিন্ন ড্রাফট সহকারে ও একাধিক ফরোয়ার্ডিং এর মাধ্যমে এন্ট্রিফরম প্রেরণ করা বর্জনীয়) ।

৫.২ নির্ধারিত সময় সীমার মধ্যে বোর্ডের Website -এ ডাটা এন্ট্রি ও প্রিন্টআউট কপি বোর্ড অফিসে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেগকে যে-কোনো প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে প্রিন্টআউট কপি ও অফিসের অর্থ উক্ত ৩.৬ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৫.৩ পরীক্ষায় অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্রের হিসাব পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে অত্র বোর্ডে পাঠাতে হবে এবং পরবর্তী পরীক্ষার খাতা গ্রহণের সময় পূর্বের খাতা সমন্বয় করে খাতা গ্রহণ করতে হবে। অন্যথায় চাহিদা অনুযায়ী উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র প্রদান করা হবে না।

৫.৪ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড নিয়মিত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রবিধান অনুযায়ী (ফরম ফিলাপের তারিখ পর্যন্ত) ৮০% হাজিরা নিশ্চিত করে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

৫.৫ ডিপ্লোমা ইন মেডিকেল আলট্রাসাউন্ড এর সংশ্লিষ্ট পর্বের সিলেবাস অনুযায়ী কোর্স যথাযথভাবে সমাপ্ত হবে এ মর্মে অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যায়নপত্র প্রদান করতে হবে।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৬.২২.১২৩(১৫) তারিখঃ ১৮-০৫-২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০। [দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (কারিগরি)]
২. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক(আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর/বগুড়া/রাজশাহী/খুলনা/ঢাকা/ময়মনসিংহ জেলা।
৪. উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অনুষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট কেন্দ্রসমূহ।
৬. অধ্যক্ষ/পরিচালক, --- (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান) ।
৭. উপ পরীক্ষা নিয়ন্ত্রক-গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা ।
৮. উপ সচিব (রেজিঃ)/উপসচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করাসহ ঙহষরহব এ ফরম ফিলাপের ডাটা এন্ট্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ।
১০. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক-ডিপ্লোমা/কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. সহকারি প্রোগ্রামার (ডিএমইউ পরীক্ষার দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (উল্লেখিত সময়ে ওয়েবসাইট এ ফরম ফিলাপের ডাটা এন্ট্রি ও প্রবেশপত্র প্রিন্ট করার অনুরোধসহ) ।
১২. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৫. নথি।

তারিখঃ ১৮-০৫-২০২২
(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৩১